NEW YORK STATE | Office of Cannabis Management

চিকিৎসায় ক্যানাবিস (ভাঙ/গাঁজা) ব্যবহারের কর্মসূচী

ক্যানাবিস 101

ক্যানাবিস (ভাঙ/গাঁজা) কি?

ক্যানাবিস, যাকে সাধারণত মারিজুয়ানা বা উইড (আগাছা) বলা হয়ে থাকে, সেগুলি ক্যানাবিস (গাঁজা) গাছ থেকে পাওয়া যায় আর একে ঐতিহাসিক ভাবে মনোরঞ্জনের জন্য, ভালো থাকা বিভিন্ন উদ্দেশ্যে, এবং বিভিন্ন ধরনের চিকিৎসা পরিস্থিতিতে চিকিৎসা করার কাজে ব্যবহার করা হয়। গাঁজা গাছের থেকে ক্যানাবিনয়েডস ও তার্পিন্স সহ কয়েকশো রকমের রাসায়নিক যৌগ পাওয়া যায়।

ক্যানাবিনয়েডস কাদের বলে?

ক্যানাবিনয়েডস হল গাঁজা গাছের থেকে প্রাপ্ত বিভিন্ন ধরনের প্রাকৃতিক যৌগ; এদের প্রত্যেকটির শরীরের উপরে বিভিন্ন ধরনের প্রভাব আছে। এদের মধ্যে সবচেয়ে বেশী পরিমাণে পাওয়া যায় টেট্রাহাইড্রোক্যানাবিনল (THC) এবং ক্যানাবিডিয়ল (CBD), তবে 100 -র চেয়েও বেশী রকমের ক্যানাবিনয়েডস আছে। মানসিক সক্রিয়তা বাড়ানোর (তূরীয় অবস্থা প্রাপ্ত হবার অনুভব) মতো প্রভাব দেখাতে পারে বলে THC বেশ সুপরিচিত। CBD সরাসরি তূরীয় অবস্থা প্রাপ্ত হবার মতো অনুভূতি প্রকাশ করে না এবং এর THC -র মানসিক সক্রিয়তা বাড়ানোর মতো মতো কিছু প্রভাবের বিপরীতে রকম কাজ করতে পারে।

তার্পিনয়েডস কাদের বলে?

তার্পিন হল প্রাকৃতিক যৌগ যাদেরকে গাঁজা গাছে পাওয়া যায় যেটা বিভিন্ন ধরনের সৌরভ ও রুচিকর গন্ধ সৃষ্টি করতে পারে। উদাহরণ স্বরূপ, সাধারণ তার্পিন থেকে নিম্নলিখিত ধরনের ক্যানাবিস জাতীয় সৌরভ পাওয়া যায়:

- সাইট্রাস (**লিমোনেন**)
- পাইন (**পাইনেন**)
- ল্যাভেন্ডার (**লিনালোল**)
- গোল মরীচ (**ক্যারিয়োফাইলেন**)

তার্পিনের বিভিন্ন ধরনের রোগ নিরাময়ের প্রভাব দেখা গেছে। গবেষকরা অধ্যয়ন করছেন যে কীভাবে গাঁজা গাছের থেকে প্রাপ্ত ক্যানাবিনয়েডস ও তার্পিনয়েডস মিলিত ভাবে বিশিষ্ট ধরনের চিকিৎসাগত প্রভাব সৃষ্টি করতে পারে। একে বলে "এনটোরেজ এফেক্ট (সহচর প্রভাব)।"

CANNABIS CONVERSATIONS

cannabis.ny.gov

Office of Cannabis Management

চিকিৎসায় ক্যানাবিস (ভাঙ/গাঁজা) ব্যবহারের কর্মসূচী

ক্যানাবিস 101

চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস কীভাবে পাওয়া যায়

এর প্রথম ধাপ হল আপনার স্বাস্থ্যের শুশ্রূষাকারীর সাথে কথা বলে জানা যে চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস (গাঁজা) আপনার অবস্থার জন্য উপযুক্ত হবে কিনা। যদি আপনার চিকিৎসা পরিষেবা সরবরাহকারী নির্ধারণ করেন এ আপনার ক্ষেত্রে চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস ব্যবহার করে দেখা যেতে পারে, তাহলে আপনাকে সেই সার্টিফিকেট পেতে হবে এবং এই কর্মসূচীতে নথিভুক্ত হতে হবে।

চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস কর্মসূচী বিষয়ে আরও তথ্য পেতে, কোনও স্বাস্থ্য পরিষেবাদানকারীকে কীভাবে খুঁজতে হবে জানতে এবং সার্টিফিকেট প্রাপ্ত হলে এবং রোগীর FAQ-গুলির বিষয়ে জানতে হলে, এই www.cannabis.ny.gov/patients ওয়েবসাইট দেখুন।

কী ব্যবহার করতে হবে আর কতটা ব্যবহার করতে হবে

সার্টিফিকেট দেবার প্রক্রিয়ার অংশ হিসাবে, আপনার স্বাস্থ্য শুশ্রূষাকারী সুপারিশ করতে পারেন যে কী ধরনের আর কতটা প্রোডাক্ট ব্যবহার করতে হবে। তারা সুপারিশ করতে পারেন যে এটা কীভাবে ব্যবহার করতে হবে, যেমন মুখে খেয়ে নাকি বাষ্পের মতো করে গিলতে হবে এবং কোনও ডোজে THC -র সাথে CBD -র অনুপাত কেমন হবে। নিউ ইয়র্ক স্টেট এর চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিসের ডিসপেনসারিতে থাকা কর্মচারীরাও সুপারিশ করতে পারেন। এই সংক্রান্ত খুঁটিনাটি সিদ্ধান্ত আপনার পরিস্থিতি ও আপনার প্রয়োজনীয়তা অনুসারে নির্ধারিত হয়। THC ও CBD এর বিভিন্ন অনুপাত চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস প্রোডাক্টগুলিতে ব্যবহার করা হয় আর প্রত্যেক ডোজে THC ও CBD এর পরিমাণ লেবেলে প্রদর্শিত হয়। নিউ ইয়র্ক স্টেট এর চিকিৎসা ডিসপেনসারিগুলিতে ফার্মাসিস্টরা উপলব্ধ থাকেন। আপনি যেকোনও সময় কোনও ফার্মাসিস্টের সাথে কথা বলতে চাইতে পারেন।

বিভিন্ন ধরনের চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস প্রোডাক্ট

চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস ব্যবহারের বিভিন্ন উপায় আছে:

ক্যাপসুল/ট্যাবলেট – **গিলে খাওয়া হয় আর পৌষ্টিকতন্ত্রের মাধ্যমে সেটা শোষিত হয়**

লজেন্স – **মুখে দিলে গলে যায়, ক্যাপসুল বা ট্যাবলেটের মতো গোটাই গিলে ফেলতে হয় না**

চিবানোর যোগ্য – **চিবিয়ে খাওয়া হয়, গোটাই গিলে খেতে হয় না**

টিংচারস – **এমন তরল পদার্থ যাকে জিভের নীচে একটা ড্রপার দিয়ে প্রয়োগ করা হয়**

টপিক্যালস (লোশনের মতো) – **চামড়ার ভিতরে যে স্থানটির চিকিৎসা করতে হবে, সেখানে প্রয়োগ করা হয়**

গোটা ফুল – **বাষ্পে পরিণত করার জন্য**

বাষ্পীভবন – **ক্যানাবিস (তেল বা ফুল) উচ্চ উষ্ণতায় পুড়িয়ে যে জলীয় বাষ্প উৎপন্ন হয় সেটাকে গিলে নেওয়া হয়**

CANNABIS CONVERSATIONS

cannabis.ny.gov

NEW YORK STATE | Office of Cannabis Management

চিকিৎসায় ক্যানাবিস (ভাঙ/গাঁজা) ব্যবহারের কর্মসূচী

ক্যানাবিস 101

প্রভাব সৃষ্টি ও টিকে থাকার মেয়াদ *

চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিসের একটা রূপ	প্রভাব সৃষ্টি	প্রভাব টিকে থাকার মেয়াদ
বাষ্পীভবন/ শরীরের নির্দিষ্ট স্থানে প্রয়োগ	দ্রুততর	ক্ষুদ্রতর
টিংচারস / লজেন্স / চিবানোর যোগ্য	অন্তর্বর্তী	অন্তর্বর্তী
ক্যাপসুল/ ট্যাবলেট	তুলনামূলক ভাবে ধীর	দীর্ঘতর

**চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিসের আশানুরূপ প্রভাব সৃষ্টি হবার ও টিকে থাকার মেয়াদ এক একজন ব্যক্তির জন্য আলাদা ধরনের হয়। রোগীদের প্রোডাক্ট লেবেলে লেখা নির্দেশিকা মেনে চলা উচিত এবং সুপারিশের চেয়ে বেশী মাত্রায় এটি গ্রহণ করা উচিত না।*

অল্প মাত্রায় শুরু করুন আর ধীর গতিতে অগ্রসর হোন

আপনি যদি আগে কখনও ক্যানাবিস ব্যবহার না করে থাকেন, অথবা যদি আপনি যদি অনেক দিন আগে ক্যানাবিস ব্যবহার করে থাকেন, তাহলে "অল্প মাত্রায় শুরু করুন আর ধীর গতিতে অগ্রসর হোন" নীতি মেনে চলা ভালো। অপেক্ষাকৃত কম ডোজ দিয়ে শুরু করাই ভালো, এরপর আপনার অবস্থান অনুসারে দরকার মতো কিছুটা কড়া ডোজ নেওয়ার দিকে এগোতে পারেন। কতটা মাত্রার ডোজ আর কেমন ভাবে সেটা গ্রহণ করলে সেটা আপনার জন্য সবচেয়ে ভালো কাজ করে সেটা নির্ধারণ করতে সময় লাগতে পারে।

চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস কেনা

চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস কেবলমাত্র এমন ডিসপেনসারির থেকে কেনা যেতে পারে যেটার মালিকানা কোনও নথিভুক্ত সংগঠনের হাতে আছে। নথিভুক্ত সংগঠনের তালিকা আর ডিসপেনসারিগুলির অবস্থানের তালিকা জানতে হলে www.cannabis.ny.gov ওয়েবসাইট দেখুন। কোন কোন ধরনের প্রোডাক্ট কিনবার জন্য উপলব্ধ আছে জানতে, সরাসরি নথিভুক্ত সংগঠনের সাথে যোগাযোগ করুন। কিছু নথিভুক্ত সংগঠন ওষুধ বাড়িতে পৌঁছে দেবার অফার দিয়ে থাকে।

CANNABIS CONVERSATIONS

cannabis.ny.gov

Office of Cannabis Management

চিকিৎসায় ক্যানাবিস (ভাঙ/গাঁজা) ব্যবহারের কর্মসূচী

ক্যানাবিস 101

সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়া ও সতর্কবার্তা

আপনি যখন নিউ ইয়র্ক স্টেট এর কোনও ডিসপেনসারির থেকে চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস কেনেন, তখন একে কীভাবে ব্যবহার করতে হবে সেই বিষয়ে আপনি প্যাকেটের ভিতরে একটা নিরাপদে ব্যবহার করার বিবরণ, সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়ার তথ্য ও নিরাপত্তামূলক সতর্কবার্তা পাবেন। আপনার যদি প্রোডাক্টের বিষয়ে, পার্শ্বপ্রতিক্রিয়া কীভাবে প্রতিরোধ বা হ্রাস করা যায় সেই বিষয়ে কোনও প্রশ্ন থেকে থাকে, তাহলে আপনি ডিসপেনসারিটিতে থাকা ফার্মাসিস্টের সাথে, বা আপনার স্বাস্থ্য শুশ্রূষাকারীর সাথে এই নিয়ে কথা বলতে পারেন।

চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিসের কিছু পার্শ্বপ্রতিক্রিয়া নীচের মতো হতে পারে:

- ক্লান্তি
- খিদে বেড়ে যাওয়া
- তূরীয় ভাব হওয়া
- মাথা ঘোরানো
- দৃষ্টিশক্তি ঝাপসা হওয়া
- মুখ শুকিয়ে যাওয়া
- মাথা ব্যথা
- উদ্বেগ
- হতাশা বোধ
- বমি বমি ভাব
- পাতলা পায়খানা
- চোখ লাল হওয়া

অভিভাবকদের সচেতন থাকবার মতো কিছু সতর্কবার্তা:

চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস গ্রহণ করার সময় গাড়ী চালানো, ভারী মেশিন চালানো এবং অন্যান্য সম্ভাব্য বিপজ্জনক কার্যকলাপ এড়িয়ে চলুন। আপনি যদি মদ বা অন্যান্য ড্রাগস খান তাহলে সাবধানতা অবলম্বন করুন। চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিসের সাথে মদ বা অন্যান্য ড্রাগ মেশালে তার ফলে খারাপ প্রতিক্রিয়া হতে পারে, বিশেষত যদি অন্যান্য ড্রাগসের জন্য মাথা ঘোরানো, ঝিমুনি ভাব বা অনুত্তেজিত ভাব দেখা যায়। নিশ্চিত হোন যেন আপনার শুশ্রূষাকারী বা ফার্মাসিস্ট আপনি আর যেসব ড্রাগ গ্রহণ করছেন সে বিষয়ে সচেতন থাকেন।

আপনার যদি চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস ব্যবহার করার পর গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া হবার অনুভব হবার কারণে উদ্বেগ থাকে, তাহলে বিষক্রিয়া নিয়ন্ত্রণ বা পয়জন কন্ট্রোলে এই নম্বরে ফোন করুন (800) 222-1222 অথবা আপনার চিকিৎসককে ফোন করুন।

CANNABIS CONVERSATIONS

cannabis.ny.gov

Office of Cannabis Management

চিকিৎসায় ক্যানাবিস (ভাঙ/গাঁজা) ব্যবহারের কর্মসূচী

ক্যানাবিস 101

নিম্নলিখিত পরিস্থিতিতে চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস আপনার পক্ষে সঠিক বিকল্প নাও হতে পারে:

- যদি আপনি গর্ভবতী হন বা স্তন্যপান করিয়ে থাকেন;
- যদি আপনার গুরুতর মানসিক অসুস্থতা থাকার রোগ নির্ণয় হয়ে থাকে বা পরিবারে গুরুতর মানসিক অসুস্থতার ইতিহাস থেকে থাকে;
- যদি আপনার হৃদরোগ হবার ইতিহাস থাকে, যেমন হার্ট অ্যাটাক, উচ্চ রক্তচাপ বা স্ট্রোক;
- যদি আপনি ইমিউনোকম্প্রোমাইজড (দুর্বল রোগ প্রতিরোধের ব্যবস্থাপনা থাকার ফলে শরীর সংক্রমণের বিরুদ্ধে লড়তে অক্ষম) হয়ে থাকেন;
- যদি শ্বসন তন্ত্রের (ফুসফুসের) রোগ থাকার ইতিহাস থেকে থাকে, বিশেষত যদি শ্বাস দিয়ে প্রোডাক্ট টেনে নেওয়ার সাথে সম্পর্কিত;

যদি এইসব পরিস্থিতিগুলির মধ্যে কোনও বিষয় আপনার জন্য প্রযোজ্য হয়, তাহলে আপনার সার্টিফিকেট প্রদানকারী শুশ্রূষাকারীর সাথে আলোচনা করুন। শুশ্রূষাকারীকে চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস ব্যবহার করার জন্য সার্টিফিকেট দেবার আগে তাকে চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস ব্যবহারের সম্ভাব্য ঝুঁকি ও উপকারিতাগুলি আপনার কাছে ব্যাখ্যা করতে হবে। আপনার সাক্ষাৎকারে যাবার সময় আপনার সমস্ত চিকিৎসা পরিস্থিতি আর আপনি যে ওষুধগুলি গ্রহণ করে থাকেন সেগুলির একটা তালিকা আপনার সাথে রাখুন।

আপনি যদি চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস কেনার সিদ্ধান্ত নেন এবং বাড়িতে নিয়ে আসতে চান তাহলে আপনাকে কী মনে রাখতে হবে:

চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস কোন কোন অবস্থানে ব্যবহার করা যেতে পারে

চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস প্রোডাক্টগুলির বাষ্পীভবন ঘটানো এমন সমস্ত এলাকায় নিষিদ্ধ যেখানে তামাক সেবন করা বেআইনি। কোনও মোটোর গাড়িতে যেকোনও চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস গ্রহণ করা অনুমোদিত নয়। চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস নিউ ইয়র্ক স্টেট থেকে অন্যান্য স্টেট বা দেশে, অথবা অন্যান্য স্টেট বা দেশ থেকে নিউ ইয়র্ক স্টেট এ পরিবহন করা যায় না।

নিরাপদে সঞ্চয় করা

সমস্ত চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস প্রোডাক্টগুলিকে সেই আসল শিশু-প্রতিরোধী প্যাকেটে রাখুন যার মধ্যে এটি ডিসপেনসারি থেকে এসেছে। প্রোডাক্টগুলিকে অবশ্যই যথাযথ পরিস্থিতিতে নথিভুক্ত সংগঠনগুলি দ্বারা যেভাবে লেবেল করা হয়েছিল সেভাবেই সঞ্চয় করতে হবে এবং সেগুলিকে অবশ্যই নিরাপদে রাখতে হবে। চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস প্রোডাক্টগুলিকে অবশ্যই শিশুদের নাগালের বাইরে রাখতে হবে (যদি না প্রোডাক্টটি একজন শুশ্রূষাকারীর সরবরাহ করা সার্টিফিকেট ও শুশ্রূষায় শিশুটিকে দেওয়া হয়ে থাকে)। চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস প্রোডাক্টগুলিকে তীব্র উষ্ণতায় বা কোনও গাড়ির মধ্যে রাখবেন না।

যদি কেউ চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস প্রোডাক্টগুলি ঘটনাচক্রে গ্রহণ করে থাকেন আর তার জন্য যদি কোনও প্রতিকূল প্রতিক্রিয়া হয়, তাহলে বিষক্রিয়া নিয়ন্ত্রণ বা পয়জন কন্ট্রোলে এই নম্বরে ফোন করুন (800) 222-1222।

CANNABIS CONVERSATIONS

cannabis.ny.gov

Office of Cannabis Management

চিকিৎসায় ক্যানাবিস (ভাঙ/গাঁজা) ব্যবহারের কর্মসূচী

ক্যানাবিস 101

যদি ক্যানাবিস ব্যবহারের ফলে আপনার জীবনযাত্রায় প্রতিবন্ধকতা সৃষ্টি হতে থাকে তাহলে

যদি আপনার মনে হয় যে চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস গ্রহণের ফলে আপনার দৈনন্দিন জীবন বাধাপ্রাপ্ত হচ্ছে, কর্মস্থলে বা বাড়িতে সমস্যা তৈরি হচ্ছে, বা যদি আপনার ক্যানাবিস বা গাঁজা খাবার তীব্র ইচ্ছা হয়, তাহলে আপনার স্বাস্থ্য শুশ্রূষাকারী, ডিসপেনসারির ফার্মাসিস্ট, বা একজন মাদক দ্রব্য ব্যবহার বিষয়ক কাউন্সিলার (পরামর্শদাতা)-এর সাথে আলোচনা করুন।

চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস ব্যবহার করা আচমকা বন্ধ করে দিলে আপনার উপসর্গ হবার অভিজ্ঞতা হতে পারে। এটাই স্বাভাবিক আর যথাযথ ভাবে ব্যবহার করা ওষুধের ক্ষেত্রেও অনেক সময় এমন হতে পারে। ক্যানাবিস ব্যবহার করা বন্ধ করার সাথে সম্পর্কিত সাধারণ উপসর্গগুলি নিম্নলিখিত ধরনেরও হতে পারে:

- উদ্বেগ
- ঘুমে ব্যাঘাত হওয়া
- বিরক্ত ভাব
- সামান্য হতাশা বোধ
- খামখেয়ালিপনা

বিভিন্ন রোগীর ক্ষেত্রে উপসর্গগুলি বিভিন্ন রকম হতে পারে। আপনি যে উপসর্গগুলি অনুভব করছেন তার জন্য উদ্বিগ্ন বোধ করলে, অনুগ্রহ করে আপনার স্বাস্থ্য শুশ্রূষাকারীর সাথে যোগাযোগ করুন।

ক্যানাবিস বা গাঁজা ব্যবহারের ফলে হওয়া মানসিক বিশৃঙ্খলা ও তার চিকিৎসা বিষয়ে জানতে হলে অফিস অফ অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস কে এই নম্বরে ফোন করুন (1-877-846-7369) বা এই ওয়েবসাইট দেখুন www.oasas.ny.gov।

সমস্ত চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস প্রোডাক্টগুলিকে সেই আসল শিশু-প্রতিরোধী প্যাকেটে রাখুন যার মধ্যে এটি ডিসপেনসারি থেকে এসেছে। প্রোডাক্টগুলিকে অবশ্যই যথাযথ পরিস্থিতিতে নথিভুক্ত সংগঠনগুলি দ্বারা যেভাবে লেবেল করা হয়েছিল সেভাবেই সঞ্চয় করতে হবে এবং সেগুলিকে অবশ্যই নিরাপদে রাখতে হবে। চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস প্রোডাক্টগুলিকে অবশ্যই শিশুদের নাগালের বাইরে রাখতে হবে (যদি না প্রোডাক্টটি একজন শুশ্রূষাকারীর সরবরাহ করা সার্টিফিকেট ও শুশ্রূষায় শিশুটিকে দেওয়া হয়ে থাকে)। চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস প্রোডাক্টগুলিকে তীব্র উষ্ণতায় বা কোনও গাড়ির মধ্যে রাখবেন না।

CANNABIS CONVERSATIONS

cannabis.ny.gov

- চিকিৎসা কর্মসূচীটিতে, আপনার শুশ্রূষাকারীর দেখাশোনায় আপনি ক্যানাবিস ব্যবহার করবেন। যদি আপনার কোনও গুরুতর স্বাস্থ্য সমস্যা থাকে, অন্যান্য ওষুধ খেয়ে থাকলে, বা ক্যানাবিস ব্যবহার বিষয়ে বা আপনার অবস্থা সম্পর্কে প্রশ্ন থাকলে এটি গুরুত্বপূর্ণ।
- নিউ ইয়র্ক স্টেট সাম্প্রতিক কালে চিকিৎসা কর্মসূচীর বিস্তার ঘটিয়েছে যেন আপনার শুশ্রূষাকারী আপনার থাকা যেকোনও অবস্থার বিষয়ে সার্টিফিকেট দিতে পারেন – ফলত এই কর্মসূচীর যোগ্যতামান ব্যাপক মাত্রায় বৃদ্ধিপ্রাপ্ত হয়েছে।
- নথিভুক্ত সংগঠনগুলির জন্য ফার্মাসিস্ট উপলব্ধ থাকা দরকার যেন আপনি যে চিকিৎসা গ্রহণ করছেন তার পর্যালোচনা করা যেতে পারে, প্রোডাক্টের রূপভেদগুলির বিষয়ে সুপারিশ করতে পারে, আপনার ক্যানাবিস ব্যবহার বিষয়ে আলোচনা করতে পারে, এবং আপনার পক্ষে সবচেয়ে সুবিধাজনক ডোজের মাত্রা বজায় রাখতে আপনাকে সাহায্য করা যেতে পারে।
- নথিভুক্ত সংগঠনগুলিকে এমন প্রোডাক্ট দেবার সুপারিশ করতে হয় যার মধ্যে THC ও CBD এর ঘনত্ব (mg) সুষম ধরনের বলে পরীক্ষা করে পাওয়া গেছে।
- চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস প্রোডাক্টগুলির জন্য ট্যাক্স দেবার হার প্রাপ্তবয়স্কদের ব্যবহার্য প্রোডাক্টের তুলনায় কম হবার ফলে রোগীদের জন্য সুলভ দামে পাবার মতো প্রোডাক্টের বিকল্প দেওয়া যেতে পারে।
- একজন শুশ্রূষাকারীর সার্টিফিকেট ও শুশ্রূষার অধীনে, চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস 21 বছরের চেয়ে কম বয়স্ক রোগীদের জন্য উপলব্ধ হতে পারে।

আপনার কি আরও প্রশ্ন আছে বা আরও তথ্য জানতে চান?

নিউ ইয়র্ক স্টেট এর চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস সংক্রান্ত কর্মসূচীর বিষয়ে আরও তথ্য জানবার জন্য www.cannabis.ny.gov/patients ওয়েবসাইটটি দেখুন। আপনার স্বাস্থ্য শুশ্রূষাকারী আপনাকে এটা নির্ধারণ করতে সাহায্য করবেন যে চিকিৎসায় ব্যবহার্য ক্যানাবিস আপনার অবস্থার উন্নতি ঘটাতে সাহায্য করতে পারবে কিনা। যদি আপনার নিয়মিত শুশ্রূষাকারী কর্মসূচীটিতে অংশগ্রহণ না করেন; তাহলে আপনি উপরোক্ত ওয়েবপেজে "একজন ব্যবহারকারীকে খুঁজুন" বোতামে ক্লিক করে অংশগ্রহণকারী পরিষেবাদানকারীদের একটা তালিকা খুঁজে পাবেন।

ক্যানাবিস ব্যবস্থাপনার অফিসে যোগাযোগ করুন

ওয়েবসাইট: cannabis.ny.gov

ইমে : info@ocm.ny.gov

ফোন: 1-888-OCM-5151 (1-888-626-5151)